CAREERINDIA

# SAMPLE QUESTION PAPER

# MARKING SCHEME

# CLASS - X

# SUBJECT - BENGALI

# CODE - (005)

# SESSION - 2018 – 2019

www.careerindia.com

CAREERINDIA

প্রশপত্রে চারটি বিভাগ আছে ঃ

‘ক’ বিভাগ - বোধপরীক্ষণ

‘খ’ বিভাগ - নির্মিতি.

‘গ’ বিভাগ - ব্যাকরণ

‘খ’ বিভাগ - সাহিত্য ও সহায়ক পাঠ

The Question Paper is divided into four Sections

SECTION - A : Reading (Comprehension)

SECTION - B : Writing (Composition)

SECTION - C : Grammar

SECTION - D : Literature (Text books & Supplementary Readers)

www.careerindia.com

CAREERINDIA

# Class - X (2018 - 19)
# Subject - Bengali

সময় - ৩ ঘন্টা | সর্বমোট অঙ্ক - ৮০

***Time : 3 Hrs.*** | ***Maximum Marks - 80***

## Section - A (Reading Comprehension)

Q. No. | Expected Answer / Value Points | Distribution of Marks

1. অনুচ্ছেদ পড়ে প্রশোত্তর। চারটি প্রশের উত্তর অনুচ্ছেদ পড়ে লিখতে হবে। শেষ প্রশের উত্তর ব্যাকরণ ভিত্তিক। 1+1+1+1+1 = 5

- অনুচ্ছেদ অনুসরণে নিজের ভাষায় সঠিক উত্তর লিখলে।

**অথবা**

- সরাসরি অনুচ্ছেদ থেকেই প্রাসঙ্গিক বাক্য তুলে দিলে,

**অথবা**

- কেবলমাত্র সংকেত শব্দ / শব্দগুচ্ছ লিখলেও পুরো নম্বর।

উত্তর সংকেত ঃ

a) সাতটার সময়।

b) সীতানাথ দত্তর কাছে।

c) মুগ্ধবোধ মুখস্থ করে ফেলতেন।

d) ছাত্রের বুদ্ধি নিয়ে মাষ্টার যা বলতেন তা বাইরের পাঁচজনকে ডেকে শোনাবার মত ছিল না।

e) নীল যে কমল - কর্ম ধারয়।

2. 1 নং প্রশের অনুরূপ। 1+1+1+1+1 = 5

উত্তর সংকেত ঃ

a) সে ছিল বক্তার চোখ।

b) কালী বাড়ি নিয়ে গিয়ে।

c) মিদ্দু সর্দারের হাতে।

d) যেদিন তিনি প্রাণ বাঁচানোর জন্য ঠাকুরের সামনে দিব্যি করেছিলেন।

e) আমার চোখ দেখিয়া ইহারা কিছুই বুঝিতে পারিত না।

3. 1 নং প্রশের অনুরূপ । 1+1+1+1+1 = 5

a) রবীন্দ্রনাথের আশি বছর পূর্ণ হবে এই উপলক্ষে উৎসবের আয়োজন করা হয়েছিল ।

b) বক্তার বাবা ঐ স্কুলের হেডমাস্টার ছিলেন। তাই তিনি স্কুলে ঘোরা ফেরা করতে পারতেন।

www.careerindia.com

CAREERINDIA

c) মুক্ত ধারা নাটক।

d) বক্তাকে ছাত্রদলের ভূমিকায় নাটকে 'শ্রী শ্রী শ্রী' বলতে দেখা গেল।

e) শব্দটিকে যথাযথভাবে বাক্যে প্রয়োগ করতে হবে ।

**Section - B**

নির্মিতি (রচনা)

**Writing (Composition)**

4. পত্র রচনা ঃ বাবা অথবা বন্ধুকে 2+3 = 5

- অবয়ব সংস্থানে তারিখ, প্রেরকের ঠিকানা বা স্থান, সম্বোধন ও সমাপ্তি সূচক পদ ও পত্রের শেষে স্বতন্ত্রভাবে প্রাপকের নাম ঠিকানা দিতে পারলে পুরো 2 নম্বর দেওয়া হবে।
  - পত্রের বিষয়বস্তুর জন্য 3 নম্বর ।
  - বক্তব্য ঠিক থাকলে অন্তত 2 নম্বর ।
  - দক্ষতা ও ব্যক্তিগত পত্রের সুরটি বজায় থাকলে পুরো 3 নম্বর দেওয়া যাবে।

5. অনুচ্ছেদ রচনা ঃ 5

- অনুচ্ছেদ রচনার ক্ষেত্রে উপস্থাপনা 1 নম্বর বিষয় বস্তু - 3 নম্বর ও ভাষার দক্ষতা 1 নম্বর এই বিষয়গুলি সঠিক ভাবে লিখতে পারলে অনুচ্ছেদটি পরিপূর্ণ বলে ধরা যেতে পারে।

**Section - C**

ব্যাকরণ

**(Grammar)**

6. সন্ধি করা বা সন্ধি বিচ্ছেদের ক্ষেত্রে সঠিক উত্তরটি লিখতে পারলেই 1 নম্বর । আটটির মধ্যে পাঁচটি উত্তর লিখতে হবে। 1+1+1+1+1 = 5

উত্তর সংকেত ঃ

i) দিগ্‌বিজয়ী ।

ii) পৃথক্ + অন্ন।

iii) চলচ্চিত্র।

iv) শাম্ + তি।

v) অহরহঃ।

vi) পুরস্কার।

vii) রাজ্ + নী।

www.careerindia.com

viii) দুঃ + অদৃষ্ট

7. সমাসের ক্ষেত্রে ব্যাসবাক্য এবং সমাসের নাম সঠিক লিখলেই 1 নম্বর। 1+1+1+1+1 = 5

সমাসের নাম সঠিক লিখেছে অথচ ব্যাসবাক্য ভুল অথবা সমাসের নাম ভুল ব্যাসবাক্য সঠিক লিখেছে, সেক্ষেত্রে (0.5) দেওয়া হবে। আটটির মধ্যে পাঁচটির উত্তর লিখতে হবে।

উত্তর সংকেত

i) আমিষের অভাব - অব্যয়ী ভাব সমাস।

ii) হিত ও অহিত - দ্বন্দ্ব সমাস।

iii) শৈশব হইতে - অব্যয়ীভাব সমাস।

iv) শ্বেত যে পদ্ম - কর্মধারয় সমাস।

v) মৌ সঞ্চয়কারী মাছি - কর্মধারয় সমাস।

vi) তুষারের ন্যায় শুভ্র - কর্মধারয় সমাস।

vii) চেনা ও অচেনা - দ্বন্দ্ব সমাস।

8. নির্দেশ অনুসারে বাক্য সঠিক লিখলেই 1 নম্বর। মোট পাঁচটি উত্তর লিখতে হবে।

1+1+1+1+1 = 5

a) যদিও তিনি বিদ্বান তবুও তাঁর কিছুমাত্র অহংকার নেই।

b) কোন পথ না পেয়ে তোমার কাছে এসেছি।

c) তিনি ভরসা দিলেন কিন্তু আমার বিশ্বাস হল না।

d) যেহেতু ছেলেটি মনোযোগী সে হেতু পরাক্ষায় ভালো ফল করল।

e) তুমি আসবে নতুবা আমি যাবো।

f) বলাইয়ের কাঁচা হাতে লেখা চিঠি আমাকে দেখতে দিলেন।

g) মহেশ তাদের বাগানে ঢুকেছে এবং গাছপালা নষ্ট করেছে।

9. নির্দেশ অনুসারে সাধু অথবা চলিত রীতিতে সঠিক ভাবে পরিবর্তন করলেই 1 নম্বর। মোট পাঁচটি উত্তর লিখতে হবে। 1+1+1+1+1 = 5

i) আমার ঘড়িটি চুরি হইয়া গিয়াছে।

www.careerindia.com

CAREERINDIA

ii) পরক্ষণে বাঁশি বাজিয়ে গাড়ি ছেড়ে দিল। (চলিতভাষা)

iii) সারা বাড়িতে শোর গোল পড়িয়া যাওয়ায় সে পালাইল।

iv) রামদাস চুপ করে রহিল।

v) কথায় কথায় আলোবাবুর কথা উঠিয়া পড়িল

vi) ইলিশের মরসুম ফুরালে বিপুলা পদ্মা কৃপণ হয়ে যায়।

vii) ছুটি উপলক্ষ্যে অমর বাড়ি আসিবার কথা জানাইয়া দিল।

**Section - D**

10. ''আশ্চর্য, কোথাও কিছু ---------- নিছক মানুষ''। 1+1+3 = 5

a) আশাপূর্ণা দেবী রচিত, 'জ্ঞানচক্ষু' গল্প - ½+½ = 1

b) তপনের এরূপ অনুভূতি হয়েছে, তার লেখক ছোট মেসোকে খুব কাছ থেকে দেখে।

1 নম্বর

c) চাক্ষুষ কোন লেখককে এত কাছ থেকে কখনো দেখেনি তপন। তাই, গরমের ছুটিতে মামার বাড়িতে বিয়ে উপলক্ষ্যে গিয়ে নতুন মেসোকে দেখে তার এরূপ মনে হয়েছে। তপনের ধারণা ছিল লেখকরা একটু অন্যরকম হয়, কিন্তু, ইনি একেবারে তার বাবা-কাকার মতোই সাধারণ মানুষ।

3 নম্বর

**অথবা**

''দয়ার সাগর --------- মিথ্যেবাদী কোথাকার।''

a) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা 'পথের দাবী' রচনায় এই কথাটি পুলিশ কর্মচারী জগদীশবাবু বলেছেন। 1 নম্বর

b) তিনি গিরীশ মহাপাত্রের উদ্দেশ্যে এই উক্তি করেছেন। 1 নম্বর

c) দয়ার সাগর বলতে বিদ্যাসাগরকে বোঝানো হয়, কারণ, তিনি সর্বদা দীন দুঃখীদের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দিতেন। এখানে ব্যাঙ্গ করে সেই কথা গিরীশ মহাপাত্রকে বলা হয়েছে, কারণ তার হাতে গাঁজার দাগ ও পকেটে গাঁজার কল্‌কে পাওয়া গেলে সে বলে, নিজে খায় না, ইয়ার বন্ধুদের জন্য সেজে দেয়। তাই তাকে পুলিশ মিথ্যেবাদী বলেছে।3 নম্বর

11. প্রসংগসহ ব্যাখ্যা লেখ ঃ 2+3 = 5

মূল্যয়ণ নীতি

www.careerindia.com

- সূত্র নির্ভুল হলে 1 নম্বর।
- প্রসংগ উল্লেখ করলেই 1 নম্বর
- ব্যাখ্যার জন্য থাকবে 3 নম্বর । নূনতম 1 নম্বর এবং বিশ্লেষণ বা উপস্থাপনার মান অনুযায়ী 2 থেকে পুরো 3 নম্বর।

''তাতে ------------- নষ্ট হয়ে যায়।''

উত্তর সংকেত ঃ

- উৎস - সুবোধ ঘোষের লেখা 'বহুরূপী' গল্পের অংশ।
- প্রসংগ - হরিদা ভবতোষ এই কথা বলেছেন। তিনি বিরাগীর বেশ ধরে যদি মোটা অঙ্কের টাকা গ্রহণ করতেন তাহলে তাঁর সাজের অমর্যাদা হত।

ব্যাখ্যা হরিদা বিরাগীর ছদ্মবেশে জগদীশবাবুর বাড়িতে গিয়ে মোটা অঙ্কের টাকা পেয়েও গ্রহণ না করার মধ্যে তাঁর বহুরূপী পেশার প্রতি সততার পরিচয় - এটাই গুছিয়ে লিখতে হবে।

**অথবা**

''সমাজের সঙ্গে ----------------- না কিছুতে।''

- উৎস - বনফুলের লেখা 'আলোবাবু' গল্প।
- প্রসংগ - গল্পের শেষে আলোবাবুর পাগলা গারদে স্থান পাওয়ার প্রসংগে এই কথা বলা হয়েছে।
- ব্যাখ্যা - সমাজের রীতি-নীতির সঙ্গে আলোবাবু মানিয়ে নিতে সক্ষম না হওয়ায় সমাজের মানুষ তাঁকে মানসিক দিক থেকে অসুস্থ মনে করেছেন। তাঁর অত্যাধিক সারল্য, মানুষের প্রতি অবিচল আস্থা, পশু-মানুষে ভেদ না করতে পারা ইত্যাদি কারণে, এটি গুছিয়ে লিখতে হবে।

12. পাঠ্য গদ্যাংশ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) a – g পর্যন্ত প্রশ্নগুলির মধ্যে যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর।

উত্তর ঃ

a) i) সাহিত্যিক

b) iii) দশ বছর

c) ii) রামদাসের স্ত্রী

d) ii) হরীতকী

e) i) ভামো

f) iii) প্রথম দিন

www.careerindia.com

CAREERINDIA

g) iii) হ্যাট।

13. ‘‘সহজ করে ----------------- সম্ভব ?’’ 2+3 = 5

a) ‘‘তিন পাহাড়ের কোলে’’ - কবিতা 1 নম্বর।

শক্তি চট্টোপাধ্যায় - কবি 1 নম্বর

b) শহুরে সভ্যতায় হাঁপিয়ে উঠে কবি গ্রামের মুক্ত পরিবেশের মধ্যে একটু মনের শান্তি, প্রাণের আরাম খুঁজে পেতে চেয়েছেন। ‘সহজ করে’ বাঁচা বলতে কৃত্রিমতাবিহীন পরিবেশ বাঁচা ও ‘খাঁচা’ বলতে শহুরে সভ্যতাকে বোঝানো হয়েছে । একথা, গুছিয়ে লিখতে হবে। 3 নম্বর.

**অথবা**

a) কবি - জয় গোস্বামী

কবিতা - ‘আয় আরো বেঁধে বেঁধে থাকি’ 2 নম্বর

b) বর্তমান সমাজে নানা পরিবর্তনের ঘাত - প্রতিঘাতে মানুষ অতীত ঐতিহ্যের ইতিহাস আত্ম-পরিচয়হীন হয়ে পড়েছে। তারা আজ এমন একটি ইতিহাসের বেষ্টনীতে বাস করছে যেখানে উদার মানবিক দৃষ্টি ভঙ্গী ঢাকা পড়ে গেছে। তাই, বিচ্ছিন্নতায়, সংঘবদ্ধতার মাধ্যমে প্রতিরোধ শক্তি বৃদ্ধি করে এই বিপর্যয়কে অতিক্রম করতে হবে। 3 নম্বর

14. প্রসংগসহ ব্যাখ্যা লেখ ঃ 5

পদের ব্যাখ্যার মূল্যায়ন পদ্ধতি গদ্যের ব্যাখ্যার অনুরূপ হবে।

- তোমায় নিয়ে -------------- গানের দু’টি পায়ে।’’
- উৎস - কবি জয় গোস্বামীর ‘অস্ত্রের বিরুদ্ধে গান’ কবিতা।
- প্রসঙ্গ - কবি অশান্ত পৃথিবীতে শান্তির বানী প্রচারের প্রসংগে একথা বলেছেন।
- ব্যাখ্যা
- কবি বলতে চেয়েছেন, মানুষের মঙ্গলের জন্য, শান্তির জন্য ধবংসাত্মক অস্ত্র পরিত্যাগ করা উচিত। কবি এই অশান্ত পৃথিবীতে, অস্ত্রের ঝনঝনাকে প্রতিরোধ করতে গানের ব্যবহার করেছেন। কবি আত্মপ্রত্যয়ী, আশাবাদী।

**অথবা**

- উৎস - কবি সুভাষ মুখোপাধ্যায়, কবিতা - একাকারে
- প্রসংগ - এই পৃথিবীতে মূলত মানুষে মানুষে কোন জাতি ধর্মগত প্রভেদ নেই। সকল প্রার্থনার উদ্দেশ্যই এক - মানুষের মঙ্গলসাধন।
- ব্যাখ্যা
- হিন্দুরা সদলবলে খোলকরতাল সহযোগে ঈশ্বরের নামগান করতে করতে যে পথ পরিক্রমা করে তাকে বলে ‘প্রভাতফেরী’। ‘আজান’ - হল আল্লার উদ্দেশ্যে ভোর বেলার প্রার্থনা ।

www.careerindia.com

CAREERINDIA

সব জাতির-ধর্মের প্রার্থনার উদ্দেশ্য একই - মানব সমাজের মঙ্গলসাধন - এই কথাগুলো বুঝিয়ে লিখতে হবে। 3 নম্বর

15. ''সুভাগা দুজনের --------------- ধ্যানে বসলেন।'' 1+2+2 = 5

a) 'দুজন' বলতে গায়েব, গায়েবীকে বোঝনো হয়েছে ।

b) গায়েবকে পাঠশালার ছেলেরা রাজা নির্বাচন করে, তার কপালে তিলক টেনে দেওয়ার সময় পিতৃ-পরিচয় জানতে চাইল, তখন পিতার নাম বলতে না পারায় অত্যন্ত অপমানিত হয়ে মা সুভাগার কাছে পিতৃ পরিচয় জানতে চাইল। সুভাগা বাধ্য হয়ে, নিশ্চিত মৃত্যুর কথা জেনেও ছেলে- মেয়ের হাত ধরে সূর্যমূর্তির সামনে ধ্যানে বসলেন। 2 নম্বর

c) সুভাগার মৃত্যু হয়, গায়েব জানতে পারে যে সে সূর্যদেবের সন্তান, সূর্যদেব তার নাম দেন শিলাদিত্য। এছাড়া, আদিত্যশীলা, সপ্তাশ্ব-রথ ও তার বংশের নাম হবে সূর্যবংশ, পৃথিবী শাসন করবে সে - এই কথাগুলো গুছিয়ে লিখতে হবে। 2 নম্বর

**অথবা**

a) গোহ 1 নম্বর

b) ভীলদের রাজা, সাপের মতো কালো, বাঘের মতো জোরালো, সিংহের মতো তেজস্বী, অথচ ছোট একটি ছেলের মতো সত্যবাদী, সরলপ্রাণ । তিনি নিঃসন্তান ছিলেন।

c) ভীল বালকের সঙ্গে গোহ যখন একদিন ঘোড়ায় চড়ে ভীলরাজত্বে উপস্থিত হন, তখন ভীলবালকেরা তাকে রাজা এসেছে বলে রাজবাড়িতে নিয়ে যায়। এক ভীল বালক নিজের আঙুল কেটে তার কপালে রাজ-তিলক টেনে দেয় ও রাজসিংহাসনের নীচে পিঁড়িতে যখন গোহ বসেন, তখন আনন্দে মাণ্ডলিকের দুই চোখ ভেসে যায়। কারণ, এই পিঁড়িটা বহুদিন শূন্য পড়ে ছিল, যেহেতু ভীলরাজা মাণ্ডলিক নিঃসন্তান ছিলেন।

16. একটি পূর্ণাঙ্গ বাক্যে সঠিক উত্তরটি লিখলেই 1 নম্বর। 1×5 = 5

a) ভীল-সর্দারের হাত থেকে রক্ষা করার জন্যে।

b) চন্দ্রাবতীর-রাজপ্রাসাদ শূন্য করে পুষ্পবতী বিদায় নেন।

c) মাণ্ডলিকের ভাই দশ বছর পর ভীলরাজ্যে ফিরে এসেছিল।

d) ষোল বছর বয়সে বাপ্পা চিতোরের সিংহাসনে বসেন।

e) বিন্ধ্যাচলের শিখরে বিন্ধ্যবাসিনী ভবানীর মন্দির ছিল।

f) তাঁর বোন গায়েবীকে ডেকেছিলেন ।

g) দুই-ভাই এর নাম বালিয়া ও দেব।

www.careerindia.com